১৯৩৭–৪০, এই বছর তিনি নেতাজী সুভাষচন্দ্র বসুর অত্যন্ত ঘনিষ্ঠ সহযোগী ছিলেন। নেতাজীর মহানিষ্ক্রমণের পর তিনি সর্বক্ষণের স্বাধীনতা সংগ্রামী ছিলেন। ১৯৪০ থেকে ১৯৪৬ সালে আবার তাঁকে কারাবরণ করতে হয় দেশ প্রেমের দায়ে। ১৯৫৫ সালে গোয়াকে পর্তুগিজ উপনিবেশ শাসন থেকে মুক্ত করার জন্য সত্যাগ্রহ আন্দোলন করলে তাঁকে সালজারের জেলে ১৯ মাস বন্দী করে রাখা হয়। ১৯৬০ সালের মার্চ মাসে কংগ্রেস সোসালিষ্ট পার্টি থেকে বেরিয়ে এসে তিনি রিভলিউশনারি সোসালিষ্ট পার্টি গড়ে তোলেন। পরবর্তীকালে দেশ স্বাধীন হওয়ার পর তিনি ভারতের বিভিন্ন আর্থ সামাজিক পরিস্থিতির অনুকূলে মার্কসবাদ ও লেলিনবাদ তত্ব ছড়িয়ে দিতে থাকেন। এবং তা আন্তর্জাতিক কমিউনিষ্ট নেতৃত্বের মুখাপেক্ষী হয়ে নয়–স্বতন্ত্র স্বাধীন ভূমিকায় পক্ষপাতী একটি দল হিসাবে। ১৯৫২-৮৪ সাল পর্য্যন্ত তিনি বার বার ছিলেন লোকসভার সদস্য। তারপর রাজ্যসভার সদস্য।

এই বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী, সাংসদ ও নেতার মৃত্যুতে এই সভা গভীর শোক-প্রকাশ করছে এবং তাঁর আত্মীয় পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

আমি গভীর দুঃখের সঙ্গে এ সভাকে জানাচ্ছি যে, সারা ভারত ফরওয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক, প্রবীন সাংসদ চিত্ত বসু গত ৪ঠা অক্টোবর ১৯৭৫ ইং রাত ২টায় ডাউন দানাপুর এক্সপ্রেসে হৃদ রোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

চিত্ত বসুর জন্ম ১৯২৬ সালে বাংলাদেশের ঢাকা শহরে। তিনি খুলনা জেলার দৌলতপুর কলেজে এবং পরে কলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করেন। ছাত্র অবস্থায়ই তিনি রাজনীতির সংগে যুক্ত হন। ১৯৪৫ সালে সুভাষচন্দ্র বসুর আদর্শে উদ্বুদ্ধ হয়ে তিনি ফরওয়ার্ড ব্লকে যোগ দেন। দেশ ভাগের পর ১৯৪৭-৪৮ সালে তিনি সারা ভারত যুবলীগের সাধারণ সম্পাদক হন।

১৯৫২ সালে তিনি ফরওয়ার্ড ব্লকের কেন্দ্রীয় কমিটির সদস্য নির্বাচিত হন এবং ১৯৭৭ সালে তিনি দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক হন। মৃত্যুকাল পর্য্যন্ত তিনি ঐ পদে ছিলেন। ১৯৫৭ সালে তিনি বারাসত থেকে পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য নির্বাচিত হন। ১৯৬৬ সালে তিনি রাজ্যসভার সদস্য নির্বাচিত হন। মৃত্যুর শেষ দিন পর্য্যন্ত তিনি ছিলেন লোকসভার সদস্য।

এই বিশিষ্ট ব্যক্তির মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

আমি গভীর দুঃখের সঙ্গে এ সভাকে জানাচ্ছি যে, বিশিষ্ট প্রবীন স্বাধীনতা সংগ্রামী আর, এস, পির প্রতিষ্ঠাতা মাখন পাল গত ২৩শে ফেব্রুয়ারী, ১৯৯৮ইং দুপুরে কলকাতায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

প্রয়াত মাখন পাল ছাত্রাবস্থাই রাজনীতিতে জড়িয়ে পড়েন। যোগ দেন অনুশীলন সমিতিতে। ফলে ব্রিটিশ সরকার তাঁকে ১৫ বছর কারাগারে বন্দী করে রাখেন। ১৯৬৭ সালে তিনি পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট গড়ার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। ১৯৭০ সালে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট গঠনের ক্ষেত্রে তাঁর গুরুত্বপূর্ণ অবদান ছিল। ১৯৪৮ থেকে ১৯৮৬ সাল পর্য্যন্ত তিনি ছিলেন পশ্চিমবঙ্গের রাজ্য কমিটির সম্পাদক। রাজ্যসভা ও আগেকার রাজ্য বিধান পরিষদেও তিনি সদস্য ছিলেন।

এই বিশিষ্ট প্রবীন স্বাধীনতা সংগ্রামী ও নেতার মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

ভোলা সেন

মিঃ স্পীকার ঃ— আমি গভীর দুঃখের সংগে এ সভাকে জানাচ্ছি যে, পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী সাংসদ ভোলা সেন গত ১৮ই জানুয়ারী ১৯৯৮ইং রাতে দক্ষিণ কলকাতার তাঁর বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর।

ভোলা সেনের জন্ম ১৯২৩ সালের ৯ই নভেম্বর উত্তর কলকাতায়। লন্ডন থেকে ব্যারিস্টারি পাশ করে ১৯৫০ সালে তিনি হাইকোর্টের বার লাইব্রেরীর সদস্য হন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত তিনি ছিলেন রাজ্যের পূর্তমন্ত্রী। ১৯৮৪ সাল থেকে ১৯৮৯ সাল পর্য্যন্ত তিনি ছিলেন সাংসদ। আইনজীবী হিসাবেও তিনি ছিলেন প্রতিথযশা।

এই বিশিষ্ট ব্যক্তির মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানাচ্ছে।

অধ্যাপক জ্যোতি ভট্টাচার্য্য

মিঃ স্পীকার ঃ— আমি গভীর দুঃখের সঙ্গে এ সভাকে জানাচ্ছি যে, পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকারের প্রাক্তন শিক্ষামন্ত্রী অধ্যাপক জ্যোতি ভট্টাচার্য্য গত ২১শে ফেব্রুয়ারী, ১৯৯৮ইং সকাল ৮টা ১৫ মিনিটে দক্ষিণ কলকাতার একটি নার্সিং হোমে তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তঁার বয়স হয়েছিল ৭২ বছর।

প্রয়াত জ্যোতি ভট্টাচার্য্য ১৯২৬ সালের ১লা মে কলকাতায় জন্মগ্রহণ করেন। ছাত্রজীবনে বঙ্গবাসী কলেজ থেকে আই এ, পাশ করে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করেন। এরপর স্কটিজ চার্জ কলেজ থেকে অঙ্ক ও ইংরেজীতে অনার্স নিয়ে স্নাতক হন। পরে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম, এ, পাশ করেন। ১৯৪২ সালে ছাত্র জীবনে আগষ্ট আন্দোলনে যোগদান করে রাজনৈতিক জীবন শুরু করেন। ১৯৫৯ সালে খাদ্য আন্দোলনে যুক্ত হয়ে তিনি গ্রেপ্তার হন। ১৯৬২ ও ১৯৬৫ সালে মূল্যবৃদ্ধি প্রতিরোধ প্রতিবাদী আন্দোলনের সময় তিনি আবার গ্রেপ্তার হন। ১৯৬৭ সালে তিনি বালিগঞ্জ বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে প্রথমে যুক্তফ্রন্ট সরকারের শিক্ষামন্ত্রী এবং পরে ১৯৬৯ সালে তথ্য মন্ত্রীর দায়িত্ব পালন করেন।

এই বিশিষ্ট শিক্ষক, বামপন্থী বুদ্ধিজীবী ও প্রাক্তন শিক্ষামন্ত্রীর মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

সুনীল দত্ত

মিঃ স্পীকার ঃ— আমি গভীর দুঃখের সঙ্গে এ সভাকে জানাচ্ছি যে বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী ও ত্রিপুরা বিধানসভার প্রাক্তন বিধায়ক সুনীল দত্ত গত ১৯শে ফেব্রুয়ারী, ১৯৯৮ ইং ভোর তিনটায় কমলপুর তাঁর নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৬ বছর।

প্রয়াত সুনীল দত্ত ১৯১৪ সালে সিলেট জেলায় হবিগঞ্জ মহকুমার কাজির হাটা গ্রামে জন্মগ্রহণ কারন। সপ্তম শ্রেণীতে পড়া অবস্থাতেই তিনি যুগান্তর ও অনুশীলন সমিতিতে যোগ দেন। ১৯৩০ সালে দেশে আইন অমান্য আন্দোলন শুরু হলে হবিগঞ্জ স্কুলে পিকেটিং করার অপরাধে তিনি স্কুল থেকে বহিস্কৃত হন। পরবর্তী তিনি হিন্দু একাডেমীতে ভর্ত্তি হন। ১৯৩৪ সালে প্রথম বিভাগে তিনি মেট্রিক পরীক্ষায় পাশ করেন। ১৯৩৫ সালে পুলিশ তাঁকে আর্মস্ এ্যাক্টে গ্রেপ্তার করে এবং বিনা বিচারে দুই মাস জেল খাটেন। ১৯৩৭ সালে কালীঘাট বাগানে ডাকাতির চেষ্টা অভিযোগে ফের তাঁকে গ্রেপ্তার করা হয় এবং তিন মাসের জেল হয়। ১৯৪২ সালে ভারত ছাড়ো আন্দোলনের সময় সুরমা মেইল ধ্বংস করার চেষ্টা করেন। ঐ মেইল গাড়ীতে সেনাবাহিনী থাকার কথা ছিল। ১৯৪২ সালের ডিসেম্বর মাসে তিনি আবার

গ্রেপ্তার হন এবং ছয় মাস জেল খাটেন। জেল থেকে মুক্তির পর, জেল গেট থেকে ডিফেন্স অব্ ইণ্ডিয়া এ্যাক্টে আবার গ্রেপ্তার হন। এই সময় দেড় বছর তিনি জোরহাট জেলে বন্দী ছিলেন। ১৯৫৭ ও ১৯৬২ সালে তিনি কমলপুর কেন্দ্র থেকে ত্রিপুরা বিধানসভার সদস্য নির্বাচিত হয়েছিলেন।

এই বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী ও প্রাক্তন বিধায়কের মৃত্যুতে এই সভা গভীর-ভাবে শোক প্রকাশ করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

নিখিল দাস

মিঃ স্পীকার ঃ আমি গভীর দুঃখের সঙ্গে এ সভাকে জানাচ্ছি যে, আর-এস, পি-র পশ্চিম-বঙ্গের রাজ্য কমিটির সম্পাদক নিখিল দাস গত ১২ ডিসেম্বর, ১৯৯৭ ইং বিকাল ৫টা ৪৫ মিনিটে কলকাতা এস, এস, কে, এম হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

প্রয়াত নিখিল দাসের জন্ম ১৯১৩ সালের ২০-শে এপ্রিল তৎকালীন পূর্ববঙ্গের ফরিদপুর জেলার নবগ্রামে। নারায়ণগঞ্জের গোদনাইয়ের কটন মিলের শ্রমিক আন্দোলনের মধ্য দিয়ে তিনি রাজনীতিতে আসেন। ১৯৪০ সালে আর, এস, পি জন্ম লগ্ন থেকেই তিনি শ্রমিক নেতা হিসাবে দলের সঙ্গে যুক্ত ছিলেন। ১৯৬২, ১৯৬৭ ১৯৬৯ এবং ১৯৭৭ সালে তিনি কলকাতা বড়জলা কেন্দ্র থেকে পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য নির্বাচিত হন। দলের শ্রমিক সংগঠন ইউ, টি, ইউ, সির রাজ্য সম্পাদক পদ থেকে নিখিল বাবু আর, এস, পির, রাজ্য শাখার সম্পাদকের পদে নির্বাচিত হন। মৃত্যু পর্য্যন্ত তিনি আর, এস, পির কেন্দ্রীয় কমিটির এবং কেন্দ্রীয় সচি-বালয়ের সদস্য ছিলেন।

এই বিশিষ্ট ব্যক্তির মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

ভুপেন দত্ত ভৌমিক

মিঃ স্পীকার ঃ— আমি গভীর দুঃখের সঙ্গে এ সভাকে জানাচ্ছি যে ত্রিপুরার সংবাদ পত্র জগতের পুরোধা ব্যক্তিত্ব, "দৈনিক সংবাদ" পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক এবং স্বত্বাধিকারী ভূপেন দত্ত ভৌমিক গত ৯ই সেপ্টেম্বর ১৯৯৭ ইং দুপুর ১২-৩০ মিনিটে মাদ্রাজের এ্যাপোলো হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

প্রয়াত ভূপেন দত্ত ভৌমিকের জন্ম অবিভক্ত ভারতের কুমিল্লায় ১৯৩৯ সালের ৭ই ফেব্রুয়ারী। আগরতলার এম. বি, বি, কলেজ থেকে ইতিহাসে ডিষ্টিংকশন সহ অর্থনীতি বিদ্যায়

অনার্স নিয়ে পাশ করার পর তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে সাংবাদিকতায় স্নাতোকত্তর সম্মান লাভ করেন। ১৯৬৪ সালে কলিকাতার যুগান্তর এবং অমৃত বাজার পত্রিকার সাংবাদিক হিসাবে কর্মজীবন শুরু করেন। ১৯৬৫ সালের মধ্যভাগে তিনি এস, এইস, বেনসন বর্তমানে বেন্স এণ্ড মার্থার নামক বহুজাতিক বিজ্ঞাপন সংস্থায় যোগ দেন। ১৯৬৬ সালের শেষভাগে বিজ্ঞাপন ক্ষেত্র ত্যাগ করে তিনি ত্রিপুরাতে সাংবাদিকতার ক্ষেত্র বেছে নেন। প্রথমে ছোট বাংলা ট্যাবলয়েড আকৃতির দৈনিক " গণ অভিযান "দিয়ে শুরু করেন। ১৯৭০ সালে তার নাম হয় দৈনিক সংবাদ। দৈনিক সংবাদপত্রের আঙ্গিনায় তিনি দৈনিক সংবাদকে এক কিংবদন্তী হিসাবে উপ-স্থাপিত করেন। ১৯৭৫ সালে জরুরী অবস্থার সময় তৎকালীন সরকাব তাঁকে মিসায় আটক করে জেলে পাঠায়। তিনি ১৮ মাস ১৯ দিন কারাবাস খাটেন। তিনি নাগরিক অধিকার সমিতি পি, ইউ সি, এল,-এর আজীবন সদস্য ছিলেন। ১৯৯৪ সালে তিনি বর্ষসেরা আঞ্চলিক-সম্পাদক হিসাবে প্রেস এণ্ড প্রেসরিলে সান্স এসোসিয়েশান এর সম্মান লাভ করেন। রাজ-নীতিতে তিনি প্রতিষ্ঠান বিরোধী হলেও প্রকৃত পক্ষে ছিলেন একজন আদর্শ গান্ধীবাদী।

এই বিশিষ্ট সাংবাদিকের মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

শ্রী গোপাল দাস (মন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কেন্দ্রীয় সরকারের প্রাক্তন শিক্ষামন্ত্রী ত্রিগুনা সেন এই ত্রিপুরা রাজ্য থেকে একবার নির্বাচিত হয়ে গিয়েছিলেন। ত্রিগুনা সেনের স্মৃতি তর্পণে এ বিষয়ের কোন উল্লেখ নেই। আপনার কাছে আমি আবেদন জানাব, এই বিষয়টির উল্লেখ যেন এই স্মৃতি তর্পণ সংযোজন করা হয়।

মিঃ স্পীকার :— মাননীয় মন্ত্রী মহোদয়, বিষয়টির উল্লেখ করা হবে।

বিপুলকান্তি মজুমদার

মিঃ স্পীকার :— আমি গভীর দুঃখের সঙ্গে এ সভাকে জানাচ্ছি যে, ত্রিপুরার বিশিষ্ট সাংবাদিক, গণচেতনার পদাতিক পত্রিকার সম্পাদক বিপুলকান্তি মজুমদার গত ৭ই আগষ্ট দুরারোগ্য রোগে আক্রান্ত হয়ে প্রয়াত হয়েছেন। ন্যায়নিষ্ট এই সাংবাদিকের অকাল প্রয়ানে রাজ্যের সংবাদপত্র জগতের অপূরণীয় ক্ষতি হয়ে গেল।

এই বিশিষ্ট সাংবাদিকের মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর পরিবার পরিজনেয় প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

খগেন্দ্র চন্দ্র চৌধুরী

মিঃ স্পীকার :— আমি গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এক দুর্ভাগ্যজনক দুর্ঘটনায় গত ২৩শে অকটোবর, ১৯৯৭ ইং তারিখে প্রাণ হারিয়েছেন রাজ্যের আরেক প্রবীন সাংবাদিক খগেন্দ্র চৌধুরী। প্রথমে আনন্দবাজার এবং ন্যাশনাল হ্যারল্ড ও ইস্টার্ণ প্যানোরমার সঙ্গে যুক্ত ছিলেন শ্রী চৌধুরী।

এই বিশিষ্ট সাংবাদিকের মৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করছে এবং পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

(প্রয়াতদের প্রতি সম্মান জানিয়ে এই সভা ২ (দু) মিনিট করে দাঁড়িয়ে নীরবতা পালন করেন)

REPORT OF BUSINESS ADVISORY COMMITTEE—Adopted

মিঃ স্পীকার : – মাননীয় সদস্যবৃন্দ, সভার পরবর্ত্তী আলোচ্য বিষয় হলো, "বিজ্‌নেস এ্যাডভাইসারী কমিটির রিপোর্ট পেশ, বিবেচনা ও পাশ করা।"

বর্তমান অধিবেশনের ২৬শে ফেব্রুয়ারী, বৃহস্পতিবার, ১৯৯৮ইং তারিখ বিধানসভার বিভিন্ন আলোচ্য বিষয়গুলি বিবেচনার জন্য "বিজনেস্‌ এ্যাডভাইসারী কমিটি" যে সময় নির্ঘন্ট সুপারিশ করেছেন সেই রিপোর্টটি সভায় পেশ করার জন্য আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করছি।

মিঃ ডেপুটি স্পীকার : – মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার বর্তমান অধিবেশনের ২৬শে ফেব্রুয়ারী বৃহস্পতিবার, ১৯৯৮ ইং তারিখ বিভিন্ন কার্য্যসূচী আলোচনার জন্য "বিজনেস্‌ এ্যাডভাইসারী কমিটি" যে সময় নির্ঘন্ট সুপারিস করেছেন তার রিপোর্ট এই সভায় আমি পেশ করছি।

মিঃ স্পীকার :— এখন রিপোর্টটি হাউসের বিবেচনার জন্য এবং অনুমোদনের জন্য প্রয়োজনীয় প্রস্তাব উত্থাপন করতে আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করছি।

মি : ডেপুটি স্পীকার :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রস্তাব করিতেছি যে, "বিজনেস্‌ এ্যাডভাইসারী কমিটি কর্ত্তৃক প্রস্তাবিত সময় নির্ঘন্টের সহিত এই সভা একমত।"

মিঃ স্পীকার :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কর্ত্তৃক উৎথাপিত মোশানটি এখন আমি ভোটে দিচ্ছি। মোশানটি হলো :– "বিজনেস্‌ এ্যাডভাইসার কমিটি কর্ত্তৃক প্রস্তাবিত সময় নির্ঘন্টের সহিত এই সভা একমত"।

(রিপোর্টটি ভোটে দেওয়া হয় এবং সর্বসম্মতিক্রমে সভা কর্ত্তৃক গৃহীত হয়।)

LAYING OF PAPER ON THE TABLE

Mr. Speaker :— Now the business before the House Laying of a copy of— "The Tripura Prevention of Defacement of property (Amendment) Ordinance 1998". (Tripura Ordinance No. 1 of 1998)•

Now, I request the Hon'ble Deputy Chief Minis er to lay the above Ordinance on the Table of the House.

Shri Baidyanath Majumder (Deputy Chief Minister) :— Mr. Speaker Sir, I beg to lay a copy of the 'Tripura Prevention of Defancement of Property (Amendment) Ordinance, 1998 (Tripura Ordinance No. 1 of 1998)' on the Table of the House.

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য মহোদয়ের অনুরোধ করছি আজকের সভায় পেশ করা অর্ডিন্যান্সের কপি নোটিশ অফিস থেকে সংগ্রহ করে নেওয়ার জন্য।

DISCUSSION ON THE MOTION OF THANKS TO THE GOVERNOR'S ADDRESS Adopted

সভার পরবর্তী কার্যসূচী হলো— "মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর আলোচনা এবং ঐ ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তার উপর আলোচনা ও সভা কর্তৃক গ্রহণ করা। আমি এখন মাননীয় মন্ত্রী শ্রী কেশব মজুমদার মহোদয়কে আলোচনা করার জন্য অনুরোধ করছি।

শ্রী কেশব মজুমদার (মন্ত্রী) : —মিঃ স্পীকার স্যার, আমার প্রস্তাবটি হলো— 'নিম্নটির মর্মে ত্রিপুরার মাননীয় রাজ্যপালে নিকট সভার কৃতজ্ঞতা ব্যাক্ত করা হউক যে — "২৬শে ফেব্রুয়ারী, ১৯৯৮ইং তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ প্রদান করিয়াছেন তার জন্য ত্রিপুরা বিধানসভার সদস্যবৃন্দ গভীরভাবে কৃতজ্ঞ।"

স্যার, এটা সকলেই অবগত আছেন যে একটা বিশেষ পরিস্থিতিতে যেসব সংবিধান গত নির্দেশ রয়েছে, এই সংবিধানগত নির্দেশের ভিত্তিতে আমাদের ত্রিপুরার বিধানসভার বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে এবং যেহেতু এটা এই বছরের প্রথম অধিবেশন তার জন্য রীতি অনুযায়ী মাননীয় রজ্যেপাল মহোদয়কে আজকে বিধানসভায় একটা বক্তব্য উপস্থিত করেছেন। এটা সকলেই জানা আছে যে এখনও নির্বাচন কমিশন কর্তৃক নির্দ্ধারিত নির্বাচনী প্রক্রিয়া শেষ হয়নি। সে জন্য মাননীয় রাজ্যপাল মহোদয় আজকে এখানে যে বক্তব্য উপস্থিত করেছেন তাতে তাঁর সরকারের নূতন কোন স্কীম বা কমিটমেন্ট এখানে উচচারিত হয় নি। এখানে মাননীয় রাজ্যপাল

মহোদয় তাঁর অভিভাষণে সরকার কর্তৃক গত এক বছরে যেসব উন্নয়ন-মূলক কর্মসূচী রূপায়িত হয়েছে সেগুলিই তিনি তুলে ধরেছেন এবং যথার্থ ভাবেই তিনি এখানে উল্লেখ করেছেন। সুতরাং এ সম্পর্কে আমার বলার বিশেষ কিছু নেই। কারণ তাঁর বক্তব্যে পরিস্কার ভাবেই তিনি উল্লেখ করেছেন। প্রসঙ্গত আমি এখানে একটা কথা বলতে চাই যে মাননীয় রাজ্যপাল মহোদয় এখানে একটা কথা বলতে চাই যে, মা নীয় রাজ্যপাল মহোদয় এখানে বক্তব্য রাখছিলেন তখন বিরোধী দলের মাননীয় সদস্য মহোদয়রা এখানে হৈ চৈ শুরু করেছেন। তাঁদের যে সদ্ভাব তাঁরা চেষ্টা করেছেন জনগণের জন্য যেসব উন্নয়নমূলক কর্মসূচী রূপায়িত হয়েছে সেগুলি জনগণের কাছে পেঁৗছতে না পারে তার জন্য তাঁরা এখানে বিরোধীতা করেছেন। এটা কংগ্রেস ত্রিপুরা উপজাতি যুব সমিতি যেসব বিরোধী দল আছে তাঁদের কাছে এটা নূতন কোন বিষয় নয়।

শ্রীকেশব মজুমদার (মন্ত্রী) ঃ— এটা কংগ্রেস যুবসমিতি যে বিরোধী পক্ষ তাঁরা সব সময় ধরে মানুষের বিরদ্ধে গণতন্ত্রের বিরুদ্ধে রাজ্যের গণতান্ত্রিক মানুষের বিরুদ্ধে এবং তার অধিকারের বিরুদ্ধে এই সব কথা বলে এসেছেন। তাদের ভূমিকা বিধানসভায় সব সময় তাই বলে, এইবারও সেই ভূমিকা পালন করেছেন। তারজন্য আমি তাদের এই ভূমিকার নিন্দা করছি। এবং সঙ্গে সঙ্গে এই হাউসের কাছে আবেদন করছি মাননীয় রাজ্যপাল যে বক্তব্য এখানে উপস্থিত করেছেন এই বক্তব্যকে সমর্থন করবেন, এই কথা বলে আমরা সংক্ষিপ্ত বক্তব্য এখানে শেষ করছি।

শ্রীসমর চৌধুরী (মন্ত্রী ঃ— মানমীয় স্পীকার, মাননীয় সদস্য তথ্য মন্ত্রী শ্রীকেশব মজুমদার মহাশয় যে প্রস্তাব এখানে উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানাছি।

মিঃ স্পীকার ঃ— সভার পরবর্ত্তী কার্য্যসূচী হলো ঃ— "মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর আলোচনা এবং ঐ ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার উপর আলোচমা ও সভা কর্ত্তৃক গ্রহণ করা।

ধন্যবাদসূচক প্রস্তাবটি এনেছেন মাননীয় মন্ত্রী শ্রীকেশব মজুমদার এবং প্রস্তাবটি সমর্থন করেছেন মাননীয় মন্ত্রী শ্রীসমর চৌধুরী।

প্রস্তাবটি হলো ঃ — "নিম্নলিখিত মর্ম্মে ত্রিপুরার মাননীয় রাজ্যপালের নিকট সভার কৃতজ্ঞতা ব্যক্ত করা হউক যে— '২৬শে ফেব্রুয়ারী, ১৯৯৮ইং তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ প্রদান করিয়াছেন তার জন্য ত্রিপুরা বিধানসভার সদস্যবৃন্দ গভীরভাবে কৃতজ্ঞ।"

এখন আলোচনা শুরু হবে। আলোচনা শুরু হওয়ার পূর্ব্বে আমি উভয় দলের চীফ হুইপদের অনুরোধ করব এই আলোচনায় তাদের দলের যে সকল সদস্য মহোদয়গণ অংশ গ্রহণ করবেন তাঁদের নামের একটি তালিকা আমায় দেবার জন্য।

শ্রীকেশব মজুমদার (মন্ত্রী) ঃ— স্যার, এইগুলি আর কেউ আলোচনা করবে না।

শ্রীবৈদ্যনাথ মজুমদার (উপমুখ্যমন্ত্রী) ঃ— মিঃ স্পীকার স্যার, আমি কয়েকটি কথা বলব। মহামান্য রাজ্যপাল আজকে যে ভাষণ এখানে দিয়েছেন তার মধ্যে সংক্ষেপে একবছ যে কাজকর্ম্ম হয়েছে তৃতীয় বামফ্রন্ট সরকারের তার উল্লেখ রয়েছে এবং কোন কোন ক্ষেত্রে তারও বেশী সময়ের কাজকর্মের উল্লেখ রয়েছে। কি করা হবে ভবিষ্যতে তার কোন এ্যাসুরেন্স এখানে নেই তার কারণ ইলেকশ্যান কমিশনের আপত্তি আছে তাই মহামান্য রাজ্যপাল এই ভাবে রাখেন নি। তিনি তাঁর ভাষণের মধ্যে প্রধানমন্ত্রীর সফর, শুক্লা কমিশন গঠন এবং সেই কমিশনে রিকামেন্ডেশানটা আগামী দিনে ত্রিপুরা রাজ্যের উন্নয়ণের ক্ষেত্রে খুব কার্যকরী হবে যদি এটা গ্রহণ করা হয়। মৌলিক পরিসেবাতে সারা দেশের জন্য বিশেষ করে রাজ্যের যে সমস্ত কর্মসূচী গ্রহণ করা হয়েছিল কিছু কিছু কাজ করা হয়েছে তার উল্লেখ করা আছে। আমাদের রাজ্যে উগ্রবাদী যে সমস্যা আছে অনেকগুলি রাজ্যের মধ্যেও এই সমস্যা রয়েছে এবং আমাদের রাজ্যেও রয়েছে। তাকে দমন করার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার মধ্যে ১৯টি থানা এলাকায় উপদ্রুত ঘোষণা করা হয়েছে এবং এটাও উল্লেখ করা হয়েছে যে গত ১৯৯৬ সাল থেকে ১৯৯৭ সাল পর্য্যন্ত গত এক বছরে আমাদের রাজ্যে অপরাধীর সংখ্য কমেছে, সংখ্যায় তাই প্রমাণ করে। অপহরণ ইত্যাদির সংখ্যাও কমেছে গত বছরের চেয়ে অর্থাৎ ১৯৯৬ সাল থেকে এটাও উল্লেখ করা হয়েছে। রাজ্যের অর্থ কমিশন যে সুপারিশ করেছিলেন যেটা গ্রহণ করেছিলেন পঞ্চায়েতকে অর্থ দেওয়ার জন্য সেটা কার্যকরী করা হয়েছে এবং বলা হয়েছে এটা শুধু পঞ্চায়েত এলাকায় নয় সমভাবে এ,ডি,সি, এলাকাতেও হবে। এই সমস্ত কাজের ভিতর দিয়ে বিশেষ করে ন্যূনতম মৌলিক পরিসেবার যে পরিকল্পনা তা মানতে হবে পানীয় জল, আবাসন, গ্রামীণ সড়ক প্রভৃতি কাজ হয়েছে এই সমস্ত উল্লেখ রয়েছে।

এখানে এটাও উল্লেখ আছে যে, গ্রামাঞ্চলে শ্রমদিবস সৃষ্টির ক্ষেত্রে ই, এ, এস, এবং যে আর ওয়াই এর টাকা ব্যবহার করে ৩৩-৬৬ লক্ষ শ্রমদিবস সৃষ্টি করা হয়েছে। একসময়ে ভারত সরকার আমাদের চাউলের বরাদ্দ কমিয়ে দিয়েছিলেন। সেই সময়ে আমরা অনেক চেষ্টা করে সেই বরাদ্দ আরও বৃদ্ধি করেছি যাতে আমরা রেশন ব্যবস্থা চালু রাখতে পারি। আমরা বিভিন্ন জায়গায় হেলথ ক্যাম্প করেছি, যাতে রিমুট এরিয়াতে মানুষ চিকিৎসার সুযোগ পায়। জি, বি, হাসপাতালকে অনেক ইক্যুইপ করা হয়েছে। সি টি স্ক্যান মেশিন বসানো হয়েছে এবং অন্যান্য অনেক উন্নয়ন করা হয়েছে। এখানে এই সমস্ত উল্লেখ রয়েছে। সার্বিক সাক্ষরোত্তর কর্মসূচীকে আরো অগ্রসর করা হয়েছে বা হচ্ছে। ক্রীড়াক্ষেত্রে অনেক অগ্রগতি এবং ছেলেমেয়েদের উৎসাহিত করা সম্ভব হয়েছে। ভূমিহীনদের মধ্যে ১৪০০০ একর জমির বন্দোবস্ত দেওয়া

হয়েছে। এখানে তারও উল্লেখ রয়েছে। উপজাতিদের বেআইনী দখলীকৃত জমি উম্ধারের ক্ষেত্রে ২০০ একর জমি উম্ধার করা হয়েছে। উপজাতি ছাত্র-ছাত্রীদের ১.৫ লক্ষেরও বেশী বিনামূল্যে বই দেওয়া হয়েছে। যাতে জুমিয়াদের পুনর্বাসন দেওয়া যায় তার জন্য ফরেস্ট কনজারভেশান অ্যাক্ট যেটা আছে সেন্ট্রাল অ্যাক্ট সেটা সংশোধন করে যে খাস জমি ছিল সেটা যাতে উম্ধার করা যায় তার জন্য ভারত সরকারের কাছে চাপ সৃষ্টি করা হচ্ছে। চাকুরীর ক্ষেত্রে বিশেষ করে উপজাতি এবং তফশিলী জাতিভুক্ত যারা প্রার্থী আছেন পদ খালি রয়েছে স্পেশ্যাল ড্রাইভের মাধ্যমে রিক্রুট করা হয়েছে এইসমস্ত উল্লেখ করা আছে। গ্রামাঞ্চলে বিশেষ করে ট্রাইবেলদের ক্ষেত্রে ফল বাগান, রাবার চাষের মাধ্যমে পুনর্বাসন দেওয়ার কাজ করা হয়েছে। তফশিলীভুক্ত মানুষের উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বেকারদের জন্য আমাদের এখানে যেহেতু শিল্প নেই তার জন্য পি. এম, আর, ওয়াই স্কীমটাকে জোরদার করার চেষ্টা হচ্ছে। হস্ততাঁত, রেশম শিল্প এবং রাবার বাগানে আনারস চাষের মাধ্যমে এবং মাশরুম চাষের মাধ্যমে বেকারদের কর্মসংস্থানের এবং উৎসাহিত করার চেষ্টা করা হচ্ছে। এখানে ফিসারী কলেজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। এটাও এখানে উল্লেখ রয়েছে। আমাদের এখানে দারিদ্র্য সীমার নীচে যারা বাস করেন ৪০.৮৬ ভাগ লোক তাদের জন্য কেন্দ্রীয় সরকার যে স্কীমটি সেটি আমরাই ভারতবর্ষের মধ্যে সর্ব প্রথ। চালু করেছি। ২.● লক্ষ মানুষ তার সুযোগ পাচ্ছেন। আমরা বিভিন্ন সেতুর উন্নয়ন বা তার স্ট্রাকচার চেঞ্জ করা এবং সারভুম রাস্তার কাজ শুরু করেছি। সেই কথা উল্লেখ করা আছে। রামচন্দ্রনগরের নেপকো কর্তৃক বিদ্যুৎ প্রকল্পের কথা উল্লেখ করা আছে। চাকমা শরণার্থীরা এখান থেকে প্রায় ১১ বৎসর পরে ফিরে যাচ্ছেন তার জন্য আনন্দ প্রকাশ করা হয়েছে। সেই সংগে উদ্বেগও প্রকাশ করা হয়েছে পাশ্ববর্ত্তী রাজ্য মিজোরাম থেকে হাজার হাজার হাজার উদ্বাস্তু আমাদের রাজ্যে এসেছেন। তারা তাদের বাড়ীঘরে যত তাড়াতাড়ি সম্ভব ফিরে যেতে পারবেন এই আশাও প্রকাশ করা হয়েছে। স্যার, এই সমস্ত বিষয়গুলি এই ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে। তার সংগে সংগে আমি উল্লেখ করতে চাই যে মহামান্য রাজ্যপাল এই কথাও বলেছেন যে বিধানসভা শেষ হয়ে যাচ্ছে তার জন্য সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন এবং আশা প্রকাশ করেছেন আগামীতে খুব শীঘ্রই একটা বিধানসভা হবে। অনেকেই এখানে নির্বাচিত হয়ে আসবেন। উনারা নির্বাচিত হয়ে এসে উনাদের দায়িত্ব পালন করবেন। এই সমস্ত আশা প্রকাশ করেছেন। স্যার, এখানে বিরোধী দলনেতা যেসমস্ত কথা বলেছেন যেগুলি অশোভন সেগুলিত অ্যাক্সপানজ করার কথা আপনি ঘোষণা করেছেন। তার সংগে সংগে বলতে চাই ওরা কয়েকটা ব্যালট পেপার পকেটে করে এখানে যে নাটক সৃষ্টি করার চেষ্টা করেছেন স্যার, ব্যালট পেপার পকেটে করে ওরাই নিয়ে এসেছে পুলিং বুথ থেকে এই সমস্ত নাটক সৃষ্টি করবার জন্য।

আগামী নির্বাচনে ত্রিপুরার মানুষ তাদের অতীতের যে অভিজ্ঞতা অর্থাৎ গত পাঁচ বছরের জোট সরকারের রাজত্বে ওরা যা দেখেছে তাতে তারা বিতশ্রদ্ধ হয়ে বিগত এই যে নির্বাচন হয়ে গেল যে নির্বাচনের ফলাফল আমরা কয়েক দিনের মধ্যেই দেখতে পাব। তাতে মানুষের যে মনোভাব আমরা লক্ষ্য করেছি তাতে এটা নিশ্চিত যে ওরা শোচনীয়ভাবে পরাজিত হবে এবং সেই পরাজয়ের আতংকে ওরা এই সমস্ত করছে, ওরা এখানে এসেও এই সমস্ত করছে। আমরা এটা জানি যে, এই নির্বাচনকে বাতিল করার জন্য ওরা কি না করছে, আমরা দেখেছি যে, নির্বাচনের ১৫ দিনের মধ্যে ওরা উগ্রপন্থীদের কাজে লাগিয়ে কতগুলি খুন খারাপী করিয়েছে। যেমন ৯ই ফেব্রুয়ারী সমতম পদ্মবিলে পাঁচ জনকে খুন করিয়েছে, ১১ই ফেব্রুয়ারী ওরাবাড়ীতে ৫জনকে খুন করিয়েছে, ১১ই ফেব্রুয়ারী রাত্রিবেলা পূর্বনশ্রীতে ৭জন খুন হয়েছে। স্যার, তারপর এটাও আমরা লক্ষ্য করেছি যে সমীরবাবুর কনস্টিটিউন্সিতে সেখানে রাউথলাতে বনধ তৈরী করার সময় ২জন কংগ্রেস কর্মী নিহত হয়েছেন। তারপর উদয়পুর খীলপাড়াতে বনধ করার সময় তাদের কর্মীরা সেখানে বোম ব্রাষ্ট হয়ে খুন হয়েছে। তাছাড়াও ১৩ তারিখে করাতি ছড়াতে ২জনকে খুন করা হয়েছে, দশটা বাড়ী সেখানে জ্বালিয়ে দেওয়া হয়েছে। স্যার, এই সমস্তগুলি ওরা করেছে এবং তাদের অশুভ জোট সেই জোট এই ভোটকে বানচাল করার জন্য অনেক চেষ্টা করেছে। নানাভাবে তারা মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেছে, কিন্তু আমাদের বিশ্বাস আছে। স্যার, ১৬ তারিখে ১৬টি রাজ্যে যে নির্বাচন হয়ে গেল তাতে নির্বাচন কমিশনার দ্বিধাহীনভাবে এটা বলেছেন যে ত্রিপুরার নির্বাচন সুষ্ঠু হয়েছে। এত উস্কানী এবং এত কিছু থাকা সত্ত্বেও আজকে ত্রিপুরা রাজ্যের লক্ষ লক্ষ ভোটার তাদের আন্তরিকতা এবং গণতন্ত্রের প্রতি তাদের যে নিষ্ঠা আছে, তাদের যে রাজনৈতিক চেতনা আছে তার ভিত্তিতে সমস্ত মানুষ তাদের ভোট প্রয়োগ করেছেন এবং ত্রিপুরার সমস্ত জনগণ বিভিন্ন দলের সমর্থক ভোটের মাধ্যমে তাদের সমর্থন জানিয়েছেন। স্যার, এই রাজ্যের মত এই রকম নির্বিঘ্ন কোন রকম ঘটনা শূন্য ভোট আর কোন রাজ্যে হয়নি। আর এটাকে ওরা যত কাউনটিং-এর দিন এগিয়ে আসছে তত নানাভাবে রিগিং করা হয়েছে, এটা করা হয়েছে ওরা করা হয়েছে এই সব কথা বলছে এবং এই সব কথা বলে মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। অথচ নির্বাচন কমিশনার আমাদের নির্বাচনের খুব প্রশংসা করেছেন। উনি এখানকার নির্বাচন খুব শান্তিপূর্ণ হয়ে বলেছেন। এই কথাটা মাননীয় রাজ্যপালও ওনার ভাষণে উল্লেখ করেছেন যে, আশা করা যায় যে আগামীদিনে যে বিধানসভা নির্বাচিত হবে সেই বিধানসভাতে যারা নির্বাচিত হয়ে আসবেন তারা তাদের দায়িত্ব বিধানসভায় পালন করবেন। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই এবং রাজ্যপালের ভাষণকেই উল্লেখ করে বলতে চাই মানুষের কাছে এই আবেদন

আমরা রাখছি যে, শান্তিপূর্ণভাবে যখন এই ভোট গণনা হবে মানে আগামীদিনে তখন বিপুল ভোটে গণতন্ত্রের পক্ষে, শুভ শক্তির পক্ষে, বামফ্রন্টের পক্ষে মানুষ এগিয়ে আসবেন এবং ওরা অত্যন্ত শোচনীয় ভাবে পরাজিত হবেন এই সম্ভাবনা সৃষ্টি হয়েছে। এই কয়টা কথা বলে আমি এখানে যে ভাষণটি উপস্থিত করা হয়েছে সেই ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার ঃ— এখন আমি মাননীয় চীফ হুইপ শ্রী কেশব মজুমদার কর্তৃক আনীত এবং মাননীয় মন্ত্রী শ্রী সমর চৌধুরী মহোদয় কর্তৃক সমর্থিত মূল প্রস্তাবটি ভোটে দিচ্ছি।

প্রস্তাবটি হলো ঃ— "নিম্ন লিখিত মর্মে ত্রিপুরার মাননীয় রাজ্যপালের নিকট সভার কৃতজ্ঞতা" ব্যক্ত করা হউক যে— "২৬শে ফেব্রুয়ারী ১৯৯৮ ইং তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ প্রদান করিয়াছেন তার জন্য ত্রিপুরা বিধানসভার সদস্যবৃন্দ গভীর ভাবে কৃতজ্ঞ"।

(অতএব, প্রস্তাবটি সভা কর্তৃক গৃহীত হলো।)

VALEDICTORY SPEECH MADE BY THE SPEAKER

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যবৃন্দ আজ হচ্ছে সপ্তম বিধানসভার দ্বাদশ অধিবেশন এবং এই চলমান বিধানসভার পরিসমাপ্তির দিন। এবং এই সপ্তম বিধান সভার প্রথম অধিবেশন শুরু হয়েছিল গত ১৯৯৩ ইং সনের ১৪ই মে, শুক্রবার। আমার কার্য্যকালের ১২.১০.৯৫ ইং এবং সেদিন হতে অদ্যাবধি অধিবেশন পরিচালনার ক্ষেত্রে আমি সংসদীয় গণতন্ত্রের তথা যুক্ত রাষ্ট্রীয় শাসন ব্যবস্থা অর্থাৎ ভারতীয় সংবিধান কর্তৃক ক্ষমতা প্রদত্ত গাইড লাইন এবং নিয়মনীতিগুলো পুঙ্খানুপুঙ্খ রূপে যথাসাধ্য মেনে চলার আপ্রাণ চেষ্টা করছি এবং সে ক্ষেত্রে আপনাদের সবিশেষ সৌহার্দ্যপূর্ণ সহযোগিতা কামনা করেছি এবং অনেক ক্ষেত্রে পেয়েছি।

সংসদীয় গণতন্ত্রে ক্ষমতাসীন দলের দায়-দায়িত্ব অপরিসীম, তার উল্লেখ নিষ্প্রয়োজন মনে করি, কিন্তু এর চেয়েও বিরোধী দলের ভূমিকা বিশেষ করে বিরোধী দলনেতার দায়িত্ব অপরিসীম এবং গুরুত্বপূর্ণ। বিভিন্ন বিষয়ে আলোচনা, সরকারের প্রয়োগনীতি ও কার্য্য প্রণালী ত্রুটি বিচ্যুতিগুলো সভায় তুলে ধরা এবং গঠন মূলক প্রস্তাব উত্থাপন করা বিরোধী দলের মুখ্য ভূমিকা।

আমি সব সময় মাননীয় বিধায়কদের গণতান্ত্রিক অধিকারের প্রতি প্রখর দৃষ্টি রেখেছি। বিভিন্ন সমস্যায় জর্জরিত ত্রিপুরাবাসীদের আবেদন নিবেদন এবং সমস্যার প্রতি পূর্ণ মর্যাদা দিয়ে পারস্পরিক আলাপ আলোচনার মাধ্যমে সেগুলো সুরক্ষাকল্পে আপনাদের সহযোগিতা সর্বক্ষেত্রে চেয়েছি এবং অধিকাংশ ক্ষেত্রে তা পেয়েছিও সেজন্য আপনাদের

আমার আন্তরিক ধন্যবাদ, কৃতজ্ঞতা এবং অভিনন্দন। আমি আশা করব আগামী দিনের সংসদীয় গণতন্ত্রের সুরক্ষা কল্পে আপনাদের সতীক্ষ্ন সংসদীয় গণতান্ত্রিক পদক্ষেপ দেশকে আরও শক্তিশালী ও মজবুত করে তুলবে বিশ্বের দুয়ারে।

এই সভায় বিভিন্ন সংবাদ প্রতিষ্ঠানের যে সকল সাংবাদিক উপস্থিত ছিলেন তাঁরা সভার কার্য্য বিবরণীর বিষয় বস্তু তাঁদের সংবাদ পত্রে পরিবেশন করার জন্য তাঁদের ধন্যবাদ জানাচ্ছি।

সভা পরিচালনার ক্ষেত্রে বিধানসভার সচিব, অন্যান্য অফিসার এবং কর্মচারীবৃন্দ বিভিন্ন সরকারী দপ্তরের অফিসার ও কর্মীবৃন্দ এবং আরক্ষা বিভাগে নিযুক্ত কর্মীবৃন্দ যে সহযোগিতা করেছে তাদেরও ধন্যবাদ জানাচ্ছি।

সকলকে আবারও আন্তরিক ধন্যবাদ জানিয়ে এই সভা অনির্দিষ্টকালের জন্য মুলতবী ঘোষণা করছি।

Printed by :

Secretary

Junior Press Owner's Association Tripura.

AGARTATA, TRIPURA